(গ) বিধি ১৩ এর উপ-বিধি (৩) এর দফা (ক) এ উল্লিখিত "৬০ (ষাট)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৯০ (নব্বই)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) তফসিল-৪ এর "লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলি" অংশের দফা ৮ এ উল্লিখিত "৬০ (ষাট)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৯০ (নব্বই)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১২ আষাঢ়, ১৪৩১** বঙ্গাব্দ/**২৬ জুন, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং- ২৪০-আইন/২০২৪/৮২/কাস্টমস।-** কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩ (উক্ত আইন এর ষোড়শ অধ্যায় এবং দ্বিতীয় তফসিল এর দফা ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ১০ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(২) ইউপি অনুমোদনের ক্ষেত্রে মাস্টার ঋণপত্র অথবা সেলস কন্ট্রাক্ট অথবা টিটি অথবা ফরেন ডিমান্ড ড্রাফট (এফডিডি) এর সহিত ব্যাক টু ব্যাক ঋণপত্র অথবা ইএক্সপি সরাসরি সম্পর্কযুক্ত হইতে হইবে।"।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।